



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০৫ অক্টোবর ২০২৩

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৪

তারিখ: -----

২০ অক্টোবর ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঝাগ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৯ তারিখ ১৯ জুন ২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭ তারিখ ২৭ জুনই ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সুত্রোক্ত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঝাগের বাজার ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রণয়ন করত প্রদত্ত নীতিমালা অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।
৩. বর্তমান বৈশ্বিক ও অভ্যন্তরীণ অবস্থার প্রেক্ষাপটে বাংলাদেশের অর্থনীতিতে মূল্যস্থীতির উপর বিরুদ্ধ প্রভাব পড়ছে। এক্ষণে, মূল্যস্থীতি পর্যায়ক্রমে ভ্রাস করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে:
 - ক) ঝাগের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩% এর ছালে সর্বোচ্চ ৩.৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং
 - খ) প্রি-শিপমেন্ট রঙ্গানি ঝাগ এবং ক্ষী ও পচ্চী ঝাগের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২% এর ছালে সর্বোচ্চ ২.৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।
৪. এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঝাগের বিপরীতে ৩(ক) ও ৩(খ) অনুচ্ছেদে বর্ণিত সুদহার প্রযোজ্য হবে।
৫. এতদ্বারা বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৬. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্ধিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২